

বিদ'আত পরিচিতির মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ বিদ'আতের বৈশিষ্ট্য রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

বিদ'আতের বৈশিষ্ট্য

বিদ'আতের চারটি বৈশিষ্ট্য রয়েছে:

- ১. বিদ'আতকে বিদ'আত হিসেবে চেনার জন্য সুনির্দিষ্ট কোনো দলীল পাওয়া যায় না; তবে তা নিষিদ্ধ হওয়ার ব্যাপারে মূলনীতিগত 'আম ও সাধারণ দলীল পাওয়া যায়।
- ২. বিদ'আত সবসময়ই শরী'আতের উদ্দেশ্য, লক্ষ্ম ও মাকাসিদ এর বিপরীত ও বিরোধী অবস্থানে থাকে। আর এ বিষয়টিই বিদ'আত নিকৃষ্ট ও বাতিল হওয়ার সবচেয়ে বড় প্রমাণ। এ জন্যই হাদীসে বিদ'আতকে ভ্রম্ভতা বলে অভিহিত করা হয়েছে।
- ৩. অধিকাংশ ক্ষেত্রে বিদ'আত এমন সব কার্যাবলী সম্পাদনের মাধ্যমে হয়ে থাকে যা রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াল্লাম ও সাহাবায়ে কেরামের যুগে প্রচলিত ছিল না। ইমাম ইবনুল জাওয়ী রহ: বলেন,

البِدْعَةُ عِبارةٌ عَنْ فِعلِ لَمْ يَكُنْ فابتُدعَ

'বিদ'আত বলতে বুঝায় এমন কাজকে যা ছিল না, অতঃপর তা উদ্ভাবন করা হয়েছে'।[1]

8. বিদ'আতের সাথে শরী'আতের কোনো কোনো ইবাদাতের কিছু মিল থাকে। দু'টো ব্যাপারে এ মিলগুলো লক্ষ্য করা যায়:

প্রথমত: দলীলের দিক থেকে এভাবে মিল রয়েছে যে, কোনো একটি 'আম দলীল কিংবা সংশয় অথবা ধারণার ভিত্তিতে বিদ'আতটি প্রচলিত হয় এবং খাস ও নির্দিষ্ট দলীলকে পাশ কাটিয়ে এ 'আম দলীল কিংবা সংশয় অথবা ধারণাটিকে বিদ'আতের সহীহ ও সঠিক দলীল বলে মনে করা হয়।দ্বিতীয়ত: শরী'আত প্রণীত ইবাদাতের রূপরেখা ও পদ্ধতির সাথে বিদ'আতের মিল তৈরী করা হয় সংখ্যা, আকার-আকৃতি, সময় বা স্থানের দিক থেকে কিংবা হুকুমের দিক থেকে। এ মিলগুলোর কারণে অনেকে একে বিদ'আত মনে না করে ইবাদাত বলে গণ্য করে থাকেন।

>

ফুটনোট

[1] তালবীসু ইবলীস, পৃ. ১৬

Source — https://www.hadithbd.com/books/link/?id=9904



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন